




পত্র নং-৩৩.০২.০০০০.১০৯.১১.০৩১.১৪ (অংশ-৫)- ২০৬

তারিখঃ ২২/০৪/২০২২ খ্রি।

বিষয়ঃ ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ (পঁয়ষট্টি) দিন সমুদ্রে সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধকালীন সময়ে কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় মাছের সুষ্ঠু প্রজনন, উৎপাদন, মজুদ সংরক্ষণ এবং টেকসই মৎস্য আহরণ নিশ্চিত করার লক্ষ্যে সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ এর ধারা ৩ এর উপধারা (২) এর ক্ষমতাবলে ২০ মে হতে ২৩ জুলাই পর্যন্ত মোট ৬৫ (পঁয়ষট্টি) দিন সকল প্রকার মৎস্য নৌযান কর্তৃক যে কোন প্রজাতির মৎস্য আহরণ নিষিদ্ধ করা হয়েছে। প্রতি বছরের ন্যায় উক্ত কর্মসূচী বাস্তবায়নে যথাযথ প্রচার প্রচারণাপূর্বক স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তা নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় মাছ ইলিশ রক্ষার্থে গঠিত 'টাস্কফোর্স কমিটি' কর্তৃক উক্ত কার্যক্রম পরিচালনার জন্যও মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, আপনার ও আপনার নিয়ন্ত্রণাধীন দপ্তর সমূহের উদ্যোগে বাস্তবায়িতব্য ও গৃহিত উদ্যোগসমূহের কর্ম-পরিকল্পনা (যেমন মাইকিং, লিফলেট বিতরণ, পোস্টার, ব্যানার স্থাপন, সংশ্লিষ্ট মৎস্যজীবী সমিতি/ নৌযান মালিক সমিতি/ মৎস্য ব্যবসায়ী সমিতির নিকট পত্রজারি, অবহিতকরণ সভা, টাস্কফোর্স কমিটির সভা ইত্যাদি) আগামী ২৫/০৪/২০২২ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



(খঃ মাহবুবুল হক)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন -০২-৯৫৬২৮৬১

ই-মেইলঃ dg@fisheries.gov.bd



বিতরণ কার্যার্থেঃ

- ১। পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, সিজিও, ভবন নং-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/খুলনা বিভাগ, খুলনা/বরিশাল বিভাগ, বরিশাল।
- ৩। জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/চট্টগ্রাম/কক্সবাজার/নোয়াখালী/ফেনী/ লক্ষীপুর/বরিশাল/ ঝালকাঠি / পটুয়াখালী/পিরোজপুর/ভোলা/বরগুনা।

সদয় অবগতির জন্য:

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস নথি।